কালের কণ্ঠ

তারিখ 24 AUG 2016 পৃষ্ঠা 2 কলাম 6

ইউজিসির হঠাৎ পরিদর্শন

# বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ব্যাখ্যা

কালের কণ্ঠে গতকাল, মঙ্গলবার প্রকাশিত 'বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়ে জঙ্গি মতবাদের বই' শীর্ষক প্রতিবেদনের ব্যাখ্যা পাঠিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা নাঈম আহাম্মেদ স্বাক্ষরিত ব্যাখ্যায় বলা হয়, এই বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা হিসেবে মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদীর নাম ব্যবহার করা হয়েছে যা সত্য নয়। এই বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তা ও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিক্ষাবিদ অধ্যক্ষ সাইয়্যেদ কামালুদ্দীন জাফরী।

ব্যাখ্যায় বলা হয়, বিশ্ববিদ্যালয়ের দুটি লাইব্রেরিতে প্রায় ৪৩ হাজার বই রয়েছে। এর মধ্যে ধর্মসংক্রান্ত বইও রয়েছে, যা ইসলামিক স্টাডিজ বিভাগের পাঠ্য হিসেবে ও রেফারেন্স হিসেবে ব্যবহার করা হয়। কিন্তু জঙ্গিবাদকে উৎসাহ দেয় এমন কোনো বই বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে নেই। ইউজিসি চেয়ারম্যান আমাদের গ্রন্থাগারের কিছু বই নিয়ে মতামত প্রকাশ করেছেন। তিনি মিসরীয় একজন লেখকের বইয়ের কথা বলেছেন যা সঠিক। কিন্তু এই বই আল-কোরআনের তাফসির গ্রন্থ। হাফেজ মুনির উদ্দীন আহমদ এই বইটি অনুবাদ করেছেন এবং আল কোরআন একাডেমি লন্ডন থেকে প্রকাশিত হয়েছে। আল-কোরআন কখনো জঙ্গিবাদের সমর্থন করে না ও প্রশ্রয় দেয় না। সাম্প্রতিক জঙ্গি হামলায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও কঠোর অবস্থান নিয়েছে।

ব্যাখ্যায় আরো বলা হয়, রাজধানীর গ্রীন মডেল টাউনে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের নির্মাণকাজ শেষ হয়েছে। আগামী ১ সেপ্টেম্বর সেখানে পূর্ণাঙ্গ শিক্ষা কার্যক্রম শুরু হবে।

এ ছাড়া প্রতিষ্ঠালগ্ন থেকে বিশ্ববিদ্যালয়ের সাপ্তাহিক ছুটি ছিল সোমবার। ২০১৪ সালে সিন্ডিকেট এই ছুটি সোম ও মঙ্গলবার দুই দিন করেছে।